



বাংলাদেশ দূতাবাস দোহা-কাতার

সতর্ক বার্তা

এতদ্বারা কাতারে বসবাসরত সকল বাংলাদেশি নাগরিকগণকে জানানো যাচ্ছে যে, কতিপয় অসাধু ব্যক্তি কাতারের বিভিন্ন এলাকায় অবৈধ ছুন্ডি ব্যবসার সাথে জড়িত এবং এ সকল অসাধুচক্র বিকাশ, ফ্লেস্কি লোড ও অন্যান্য নামে বা মাধ্যমে কাতার থেকে সম্পূর্ণ অবৈধভাবে বাংলাদেশে অর্থ প্রেরণ করছে যা বাংলাদেশ ও কাতারের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এ সমস্ত অবৈধ ছুন্ডি ব্যবসায়ী তথা অসাধু চক্রের সাথে বাংলাদেশে অর্থ প্রেরণসহ অন্যান্য যে কোন রকম লেনদেন করা থেকে বিরত থাকার জন্য প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় ব্যাংক বিকাশ বা বাংলাদেশের অন্য কোন মোবাইল সার্ভিস প্রোভাইডার বা কোন ব্যক্তি বিশেষকে কাতার থেকে বাংলাদেশে অর্থ প্রেরণ এবং সংগ্রহের অনুমতি দেয়নি।

বাংলাদেশ দূতাবাস, কাতার এ সকল অসাধু চক্রকে চিহ্নিত করে প্রচলিত আইন অনুযায়ী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নিয়েছে। যে সকল ব্যক্তি এখনো বাংলাদেশের জাতীয় স্বার্থ বিরোধী এসকল বিকাশ ও ফ্লেস্কিলোডের লোগো ব্যবহার করে এবং অন্যান্য মাধ্যমে ছুন্ডি ব্যবসার সাথে জড়িত রয়েছে তাদেরকে এ ধরনের নেতিবাচক কাজ পরিত্যাগ করার জন্য সতর্ক করা যাচ্ছে, অন্যথায় তাদেরকে জেল জরিমানা ও বাংলাদেশে ফেরত পাঠানোসহ কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**আসুন আমরা সবাই বিকাশ, ছুন্ডি, ফ্লেস্কি লোড ইত্যাদি অবৈধ চ্যানেলকে না বলি এবং ব্যাংকিংসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে অর্থ প্রেরণ করে বাংলাদেশের উন্নয়নে অবদান রাখি।
এ বিষয়ে প্রবাসী বাংলাদেশীদের সহযোগিতা একান্তভাবে কাম্য।**